

## ■■ সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৬০৪১ [আন্তর্জাতিক নাম্বারঃ ৩৩৯] ৪৪। ফাযীলাত (کتاب الفضائل) পরিচ্ছেদঃ ৪২. মূসা (আঃ) এর ফ্যীলত

باب مِنْ فَضَائِل مُوسَى صلى الله عليه وسلم

## আরবী

وَحَدَّتَنَا يَحْيَى بْنُ حَبِيبِ الْحَارِثِيُّ، حَدَّتَنَا يَزِيدُ بْنُ زُرَيْعٍ، حَدَّتَنَا خَالِدٌ الْحَذَّاءُ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ شَقِيقٍ، قَالَ أَبُو هُرَيْرَةَ، قَالَ كَانَ مُوسَى عَلَيْهِ السَّلاَمُ رَجُلاً حَيِيًّا \_ قَالَ \_ فَكَانَ لاَ يُرَى مُتَجَرِّدًا \_ قَالَ \_ فَقَالَ بَنُو إِسْرَائِيلَ إِنَّهُ آدَرُ \_ قَالَ \_ فَاغْتَسَلَ عِنْدَ مُويْهٍ فَكَانَ لاَ يُرَى مُتَجَرِّدًا \_ قَالَ \_ فَقَالَ بَنُو إِسْرَائِيلَ إِنَّهُ آدَرُ \_ قَالَ \_ فَاغْتَسَلَ عِنْدَ مُويْهٍ فَوَضَعَ ثَوْيَهُ عَلَى حَجَرٍ فَانْطَلَقَ الْحَجَرُ يَسْعَى وَاتَّبَعَهُ بِعَصَاهُ يَضْرِبُهُ ثَوْبِي حَجَرُ ثَوْبِي حَجَرُ فَانْطَلَقَ الْحَجَرُ يَسْعَى وَاتَّبَعَهُ بِعَصَاهُ يَضْرِبُهُ ثَوْبِي حَجَرُ ثَوْبِي حَجَرُ لَا تَكُونُوا حَجَرُ . حَتَّى وَقَفَ عَلَى مَلاٍ مِنْ بَنِي إِسْرَائِيلَ وَنَزَلَتْ ( يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لاَ تَكُونُوا حَجَرُ أَدُوا مُوسَى فَبَرَّأَهُ اللَّهُ مِمَّا قَالُوا وَكَانَ عِنْدَ اللَّهِ وَجِيهًا)

## বাংলা

৬০৪১-(১৫৬/...) ইয়াহইয়া ইবনু হাবীব হারিসী (রহঃ) ...... আবৃ হুরাইরাহ্ (রাযিঃ) হতে বর্ণিত। তিনি বলেন, মূসা (আঃ) অতি লজ্জাশীল লোক ছিলেন। বর্ণনাকারী বলেন, তাকে কেউ বস্ত্রহীন অবস্থায় দেখেনি। বনী ইসরাঈলরা বলতেছিল, মূসার অপুকোষ রোগগ্রস্ত। একদা তিনি পানিতে গোসল করতে গিয়ে কাপড়গুলো একটা পাথরের উপর রাখলেন। পাথরটি (কাপড়সহ) দৌড়ে পালাতে লাগলো। তিনি তার লাঠি হাতে পাথরটিকে মারতে মারতে এর পশ্চাতে ছুটলেন। বলতে লাগলেন, (হে পাথর) আমার কাপড়, হে পাথর! আমার কাপড়। পাথরটি বনী ইসরাঈলের এক জনসমাবেশে গিয়ে থামলো। এ প্রসঙ্গে এ আয়াত নাঘিল হলোঃ "হে মুমিনগণ! তোমরা তাদের ন্যায় হয়ো না যারা মূসা (আঃ) কে অপবাদ দিয়েছে। তাদের দেয়া অপবাদ হতে আল্লাহ তাকে পবিত্র করে দিয়েছেন এবং তিনি আল্লাহর নিকট ছিলেন সম্মানিত"- (সূরা আল আহ্যাব ২৩ঃ ৬৯)। (ইসলামিক ফাউন্ডেশন ৫৯৩৪, ইসলামিক সেন্টার ৫৯৭২)

## **English**

Abu Huraira reported that Moses was a modest person. He was never seen naked and Banu Isra'il said:

(He was afraid to expose his private part) because he had been suffering



from scrotal hernia. He (one day) took bath in water and placed his garments upon a stone. The stone began to move on quickly. He followed that and struck it with the help of a stone (saying): O stone, my garment; O stone, my garments, O stone; until it stopped near the big gathering of Isrii'll, and this verse was revealed (pertaining to the incident):" O you who believe, be not like those who maligned Moses, but Allah cleared him of what they said, and he was worthy of regard with Allah" (xxxiii. 69).

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন